তারিখ 26 MAR 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

# ফুলবাড়ীয়ায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩শ' শিক্ষার্থীর জন্য ২ জন শিক্ষক

■ আবুল কালাম, ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) সংবাদদাতা

ফুলবাড়ীয়া উপজেলার এনায়েতপুর ইউনিয়নের কাহালগাঁও দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩শ' শিক্ষার্থী। ২ জন শিক্ষক ৮ মাস ধরে ৩শ' শিক্ষার্থীর লেখাপড়ার কাজ চালিয়ে আসছে। এরই মধ্যে অভিভাবকদের মধ্যে দেখা দিয়েছে হতাশা। সংকট নিরসনের উপায় নিয়ে বিদ্যালয় পরিচালনা কমিটি ও শিক্ষার্থী অভিভাবকদের মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে।

কাহালগাঁও দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪ জন শিক্ষকের মধ্যে একজন শিক্ষক মারা যাওয়ার পর প্রধান শিক্ষকসহ ২ জন শিক্ষক অবসরে গেছেন ৮ মাস আগে। একজন শিক্ষক দিয়ে পরিচালিত হওয়া বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য উপজেলা শিক্ষা অফিসে যোগাযোগ করে ২ জন শিক্ষককে ডেপুটেশনে আনে।

এরই মধ্যে ডেপুটেশনে আসা শিক্ষক কামাল হোসেন তার পূর্বের স্কুলে চলে যাওয়ায় জানুয়ারি মাস থেকে ২ জন শিক্ষক দিয়ে পরিচালিত হচ্ছে বিদ্যালয়টি। শিক্ষক সংকটে শিক্ষার্থীদের লেখাপড়ার মান নিম্নমুখী হওয়ায় অভিভাবকদের মধ্যে হতাশা দেখা দিয়েছে। এরই মধ্যে ঝরে পড়তে শুরু করেছে শিক্ষার্থী।

উপজেলা শিক্ষা অফিসার জীবন আরা জানান, কাহালগাঁও দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকটের বিষয়টি তার জানা আছে। অতি দ্রুত বিষয়টি সমাধানের চেষ্টা চলছে।